

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
তদন্ত ও শৃঙ্খলা শাখা
সেকশন- ২, মিরপুর, ঢাকা- ১২১৬
www.dpe.gov.bd

স্মারক নং- ৩৮.০১.০০০০.৩০০.২৭.৩৫১.২১. ২৮২

তারিখ: ২২ জুলাই ১৪৩০
২৬ জুন ২০২৩

প্রজ্ঞাপন

জনাব এ বি এম রেজাউল হক, উচ্চমান সহকারী কাম হিসাবরক্ষক, পিটিআই ফরিদপুর (সাবেক থানা শিক্ষা অফিস, ডেমরা, ঢাকা)-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) ও ৩ (ঘ) উপবিধি অনুযায়ী যথাক্রমে অসদাচরণ ও দুর্নীতির অভিযোগে ১৩ ফেব্রুয়ারি ২০২২ বিভাগীয় মামলা (বিমা-১৩/৫৪/২১) রুজুপূর্বক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে জবাব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হয়; এবং

যেহেতু, অভিযুক্ত কর্মচারী অভিযোগনামা ও অভিযোগ বিবরণীর কোন লিখিত জবাব দাখিল করেননি এবং সে জন্য বিষয়টি বিভাগীয় তদন্তের জন্য তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়; এবং

যেহেতু, তদন্তকারী কর্মকর্তার প্রতিবেদনে বিলম্বে অফিসে উপস্থিতি ও বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকা এবং তৎকালীন নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ থানা শিক্ষা অফিসার, ডেমরা-কে পত্রিকায় মিথ্যা রিপোর্ট প্রকাশের হুমকি প্রদান সংক্রান্ত অভিযোগটি প্রমাণিত হয়; এবং

যেহেতু, অভিযোগটি প্রমাণিত হওয়ায় বর্ণিত কর্মচারীর নামে দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়; এবং

যেহেতু, অভিযুক্ত কর্মচারীর দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশের জবাব দাখিল করেন; এবং

যেহেতু, তদন্তকারী কর্মকর্তার দাখিলকৃত প্রতিবেদন, দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশের জবাব ও নথিতে সংরক্ষিত বিভাগীয় মামলার প্রাসঙ্গিক রেকর্ডপত্রাদি পর্যালোচনায় তার বিরুদ্ধে আনীত বিলম্বে অফিসে উপস্থিতি ও বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকা এবং তৎকালীন নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ থানা শিক্ষা অফিসার, ডেমরা-কে পত্রিকায় মিথ্যা রিপোর্ট প্রকাশের হুমকি প্রদান সংক্রান্ত অভিযোগটি সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে তাই সার্বিক বিবেচনায় তাকে লঘুদণ্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

সেহেতু, জনাব এ বি এম রেজাউল হক, উচ্চমান সহকারী কাম হিসাবরক্ষক, পিটিআই ফরিদপুর (সাবেক থানা শিক্ষা অফিস, ডেমরা, ঢাকা)-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪ (২)(১)(ঘ) উপবিধি মোতাবেক “বেতন গ্রেডের নিম্নতর ধাপে অবনমিতকরণ” দণ্ড প্রদান করা হলো। অর্থাৎ তার মূল বেতন ২৬০০০ হতে ২৪৭৬০ টাকায় অবনমিত করা হলো। তার মূল বেতন ২৪৭৬০ টাকায় নির্ধারণ করতে হবে। এ দণ্ডদেশ পরবর্তী ১ বছর পর্যন্ত বলবৎ থাকবে। বেতন অবনমিতকাল বার্ষিক বেতন বৃদ্ধি হিসেবে গণনা করা হবে না এবং স্থগিতকৃত বেতন ভবিষ্যতে বকেয়া হিসেবে প্রাপ্য হবেন না।

শাহ রেজওয়ান হায়াত
মহাপরিচালক (গ্রেড-১)

স্মারক নং- ৩৮.০১.০০০০.৩০০.২৭.৩৫১.২১. ২৮২ (৩০)

তারিখ: ২২ জুলাই ১৪৩০
২৬ জুন ২০২৩

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। দৃষ্টি আকর্ষণঃ উপ-সচিব (প্রশাসন-১)
২. পরিচালক (প্রশাসন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৩. উপপরিচালক (তদন্ত ও শৃঙ্খলা/প্রশাসন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৪. বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা বিভাগ, ঢাকা।
৫. সুপারিনটেনডেন্ট, পিটিআই ফরিদপুর।
৬. শেখ সাইদুর রহমান, মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার (আইএমডি), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা (প্রজ্ঞাপনটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
৭. জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, ফরিদপুর।
৮. জনাব এ বি এম রেজাউল হক, উচ্চমান সহকারী কাম হিসাবরক্ষক, পিটিআই ফরিদপুর।
৯. মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০. অতিরিক্ত মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১১. সংরক্ষণ নথি।

ড. নাহিমা বেগম
উপপরিচালক

তদন্ত ও শৃঙ্খলা শাখা